

নং-০৫.০০.০০০০.২০২.০০.০০৫.১৮-৩৪১

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৫ ব.
১৭ জুলাই ২০১৮ খ্রি.

বিজ্ঞপ্তি

ভারত সরকারের অর্থায়নে Indian Technical and Economic Cooperation (ITEC) Programme এর আওতায় ভারতে অনুষ্ঠিত নিম্নলিখিত প্রশিক্ষণের সুযোগসমূহের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা ও মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. ন.	প্রশিক্ষণের শিরোনাম, কোর্সের মেয়াদ, প্রতিষ্ঠানের নাম ও স্থান	সুযোগ সংখ্যা	জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের শেষ তারিখ
১	২	৩	৪
1.	ENHANCING LEADERSHIP SKILLS Duration: 3 weeks 08-10-2018 26-10-2018 V.V.GIRI NATIONAL LABOUR INSTITUTE	০২	০১/০৮/২০১৮ খ্রি.

২। উক্ত প্রশিক্ষণের সুযোগ সংক্রান্ত প্রাপ্ত সমুদয় কাগজপত্র এতদসঙ্গে সংযুক্ত করা হল। প্রার্থীর বয়স ২৫-৪৫ বছর ও চাকুরিকাল কমপক্ষে ০৫ বছর হতে হবে। ইতিপূর্বে যারা ITEC, Colombo Plan এবং Train the Trainer বা Mid-Career Training অথবা ভারত সরকারের অর্থায়নে কোন কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৩। কোর্সের সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা অবশ্যই থাকতে হবে। এছাড়া প্রার্থীকে ইংরেজীতে পারদর্শী ও শারিরিকভাবে উপযুক্ত হতে হবে।

৪। আগ্রহী ও যোগ্য কর্মকর্তাবৃন্দকে <https://itecgoi.in/meaportal/register> Applicant ওয়েব সাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। অনলাইনে করা আবেদনের আইডি নাম্বারসহ ৪ সেট প্রিন্ট কপি, জাতীয় পরিচয় পত্র, স্বাস্থ্যগত সনদ ও শিক্ষাগত সনদের কপি এবং অফিসিয়াল পাসপোর্টের কপিসহ যথাযথভাবে স্বাক্ষর করে আবেদন পত্রসমূহ (৪নং কলামে বর্ণিত) নির্ধারিত সময়ের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (কক্ষ নং ১০৯, ভবন নং ০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণ/দাখিল করতে হবে। কোর্স শুরুর তিন মাস পূর্বে অনলাইনে আবেদন করতে হবে।

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২খ্রিঃ তারিখের স্মারক নং-সম (বিঃপ্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) নং আদেশ এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত গেজেটে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা শাখা) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও বিদেশ প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত।

৬। আবেদনকারীকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এতদসঙ্গে সংযুক্ত বাংলা ফরম পূরণ করে অনলাইনের আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

৭। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।


সংযুক্তি: বর্ণনামতে।


ড. আবদুল হামিদ
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিতরণ- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

How to fill online application for Enhancing Leadership Skills



বিশেষ দ্রষ্টব্য:

- আবেদনের সময় যদি অফিশিয়াল পাসপোর্ট নবায়ন না থাকে সে ক্ষেত্রে পাসপোর্ট তথ্য ব্যক্তি আবেদন শেষ করে তা সাবমিট ও প্রিন্ট করে প্রেরণ করতে হবে (কারণ পাসপোর্ট তথ্য ছাড়াও অনলাইন আবেদন পূরণ করা যায়)।
- অনলাইন আবেদন ফরম পূরণের ক্ষেত্রে বিগত ০৫ বছরের পোস্টিং এর তথ্য অবশ্যই উল্লেখ করতে হবে। এ ছাড়া মেডিক্যাল ফরম এর সব অংশ সঠিকভাবে পূরণ করে ডাক্তারের স্বাক্ষর ও ইংরেজী সিলসহ প্রেরণ করতে হবে।
- যদি অফিশিয়াল পাসপোর্ট না থাকে বা নবায়ন না থাকে অথবা ব্যক্তিগত পাসপোর্ট (অফিশিয়াল নয়) থাকে তবে এ কোর্সের সরকারি আদেশ জারীর পর অবশ্যই জরুরীভিত্তিতে অফিশিয়াল পাসপোর্ট করে নিতে হবে।
- অনলাইনে আবেদনে কোন ভুল হলে বা প্রিন্ট করতে সমস্যা হলে নতুনভাবে পুনরায় অনলাইনে আবেদন করতে হবে – সে ক্ষেত্রে পূর্বে ব্যবহৃত ই-মেইল পরিবর্তন করে আবেদন করতে হবে।
- কোন কারণে বর্গিত অনলাইনে আবেদনের লিঙ্ক পাওয়া না গেলে বা পেতে সমস্যা হলে খৈর্যধারণ করে বারবার চেষ্টা করতে হবে।

আবেদনকারী কর্মকর্তার তথ্যাবলী:

১.	নাম :	
২.	পরিচিতি নং (যদি থাকে) :	
৩.	পদবি ও বর্তমান কর্মস্থল :	
৪.	ক্যাডার সার্ভিসের নাম (যদি থাকে) :	
৫.	আবেদনের বিষয় (কোর্সের নাম):	
৬.	জন্ম তারিখ : ও বয়স :	
৭.	চাকরিকাল :	
৮.	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা :	
৯.	ইতঃপূর্বে বিদেশ প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণ করলে তার বিবরণ :	
১০.	মোবাইল নম্বর : ও ই-মেইল এড্রেস :	
১১.	অফিসিয়াল মেশিন রিডেবল পাসপোর্ট নম্বর : ও মেয়াদ :	

সুপারিশ করা হলো

আবেদনকারী স্বাক্ষর ও সীল

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল